গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
টিভি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নম্বর-১৫.০০.০০০০.০২৪.২২.০০১.১৬(অংশ-১)-**১৫৬**

তারিখঃ ২৭ মাঘ ১৪৩২ / ১০ ফেব্রুয়ারি ২০২৬

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ সম্প্রচার অধ্যাদেশ, ২০২৬ (চূড়ান্ত খসড়া)-এর ওপর মতামত প্রেরণ প্রসঙ্গে।**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সম্প্রচার অধ্যাদেশ, ২০২৬-এর চূড়ান্ত খসড়া প্রস্তুত করা হয়েছে। সম্প্রচার অধ্যাদেশ, ২০২৬ (চূড়ান্ত খসড়া) এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে [Word ও PDF ফরম্যাটে] প্রকাশ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, অধ্যাদেশটি চূড়ান্তকরণের নিমিত্ত নিম্নোক্ত ছক অনুযায়ী আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে মতামত/প্রস্তাব ই-মেইলে [Word ও PDF উভয় ফরম্যাটে] [secretary@moi.gov.bd; tv2@moi.gov.bd] অথবা হার্ডকপি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| বিদ্যমান ধারা/উপধারা নং | বিদ্যমান বিধান | মতামত/প্রস্তাব | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |

**সংযুক্তি: সম্প্রচার অধ্যাদেশ, ২০২৬ (চূড়ান্ত খসড়া)।**

**স্বাক্ষরিত**
তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০২৬
মোঃ ওয়ালুল হক
সহকারী সচিব
ফোনঃ ২২৩৩৫১১৩৫
ই-মেইলঃ tv2@moi.gov.bd

DRAFT

# সম্প্রচার অধ্যাদেশ, ২০২৬ (চূড়ান্ত খসড়া)

২০২৬ সালের ____ নং অধ্যাদেশ

**সম্প্রচারকারী ও সম্প্রচার কার্যক্রমের সুষ্ঠু ব্যবস্থাপনা, মানোন্নয়ন ও আইনি সুরক্ষার বিধান প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত অধ্যাদেশ**

যেহেতু সম্প্রচারকারী ও সম্প্রচার কার্যক্রমের সুষ্ঠু ব্যবস্থাপনা, মানোন্নয়ন ও আইনি সুরক্ষার বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন:-

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।-** (১) এই অধ্যাদেশ 'সম্প্রচার অধ্যাদেশ, ২০২৬' নামে অভিহিত হইবে।

(২) সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যেই তারিখ নির্ধারণ করিবে, এই অধ্যাদেশ সেই তারিখ হইতে কার্যকর হইবে।

(৩) এই অধ্যাদেশ ধারা ২(ঝ) ও ২(ঞ) এ বর্ণিত সকল সম্প্রচারকারী এবং উহাদের কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, তবে শর্ত থাকে যে, ইন্টারনেট বা টেলিযোগাযোগ নেটওয়ার্কের মাধ্যমে এই সকল সেবা প্রদানের ক্ষেত্রে-(ক) প্রয়োজনীয় কারিগরি অবকাঠামো স্থাপন, তরঙ্গ বরাদ্দ, ট্রান্সমিশন এবং নেটওয়ার্ক অপারেশন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ অনুযায়ী বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরী কমিশন (বিটিআরসি) কর্তৃক নিয়ন্ত্রিত হইবে; এবং (খ) উক্ত নেটওয়ার্ক বা প্ল্যাটফর্মে প্রচারিত বিষয়বস্তু (Content), সম্পাদকীয় মান এবং সম্প্রচার সংশ্লিষ্ট আচরণবিধি তদারকি ও নিয়ন্ত্রণ করিবে কমিশন।

**২। সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-

(ক) **"ইন্টারনেট প্রোটোকল টেলিভিশন/ রেডিও সেবা (Internet Protocol TV/Radio Service)" অথবা "আইপিটিভি সেবা (IPTV/IP Radio service)"** বলিতে লাইসেন্সপ্রাপ্ত

টেলিভিশন বা রেডিও সম্প্রচার কার্যক্রমকে বুঝাইবে, যা ইন্টারনেট প্রোটোকল (IP) ভিত্তিক ব্রডব্যান্ড প্রযুক্তি ব্যবহার করিয়া ডিজিটাল টেলিভিশন/রেডিও সিগন্যাল সরবরাহ করে;

(খ) **"ইনফোটেইনমেন্ট এবং এন্টারটেইনমেন্ট সংক্রান্ত ওভার-দ্য-টপ (Over-the-top) অথবা প্লাটফর্ম"** বলিতে লাইসেন্সপ্রাপ্ত মিডিয়া পরিষেবা বুঝাইবে, যাহার মাধ্যমে দর্শকদের নিকট ইন্টারনেট বা সমজাতীয় প্রযুক্তির মাধ্যমে বিভিন্ন রকমের ভিডিও অন ডিমান্ড (ভিওডি) বিষয়বস্তু (Curated Content) বা তথ্য উপকরণ প্রবেশন/ সহজলভ্য / প্রদর্শন/ স্ট্রিমিং করা হইয়া থাকে;

(গ) "**কমিশন**" বলিতে জাতীয় গণমাধ্যম অধ্যাদেশ, ২০২৬ এর অধীনে গঠিত কমিশনকে বুঝাইবে;

(ঘ) '**বিষয়বস্তু (content)**' বলিতে সম্প্রচারের উদ্দেশ্যে ব্যবহৃত যে কোনো অডিও, টেক্সট, উপাত্ত, চিত্রণ বা নকশা (স্থির বা চলমান), অন্যান্য অডিও ভিজ্যুয়াল উপস্থাপনা, সংকেত, চিহ্ন বা যে কোনো ধরনের বার্তা বা উহাদের যে কোনোরূপ সংমিশ্রন যাহা ইলেক্ট্রনিক পদ্ধতিতে সৃষ্ট, প্রক্রিয়াজাত, সংরক্ষিত (stored), উদ্ধারকৃত (retrieved) বা জ্ঞাপিত (communicated) হইতে সক্ষম, তবে শর্ত থাকে যে, uncurated content প্ল্যাটফর্ম বা সামাজিক যোগাযোগ মাধ্যম প্ল্যাটফর্মসমূহে পরিবেশিত বা সম্প্রচারিত বা প্রদর্শিত বিষয়বস্তু ইহার অন্তর্ভুক্ত হইবে না এবং ইহা গ্রাহকের ব্যক্তিগত যোগাযোগ বা সাধারণ ইন্টারনেট ডাটা (Data) ট্রাফিককে অন্তর্ভুক্ত করিবে না;

(ঙ) '**বিষয়বস্তু সম্প্রচার (Content Broadcast)**' বলিতে সম্প্রচারের উদ্দেশ্যে লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান দ্বারা বিষয়বস্তু সমাহরণ, কার্যক্রম প্রণয়ন এবং ইলেক্ট্রনিকভাবে বিষয়বস্তু সন্নিবেশ ও একই বিষয়বস্তু সম্প্রচার নেটওয়ার্কে তড়িৎ চুম্বকীয় তরঙ্গে নির্দিষ্ট কম্পাঙ্কে প্রেরণ ও পুনঃপ্রেরণের মাধ্যমে বিষয়বস্তুকে লভ্য/ব্যবহার্য করা, যাহা সর্বসাধারণের জন্য অথবা লাইসেন্সকৃত সম্প্রচার নেটওয়ার্কের মাধ্যমে গ্রাহকদের জন্য নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী (Linear) অথবা গ্রাহকের চাহিদা অনুযায়ী (On-demand) গ্রহণের জন্য উপলব্ধ করা হয় বুঝাইবে;

(চ) **'বিটিআরসি'** বলিতে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১-এর অধীনে গঠিত বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশনকে বুঝাইবে,

**(ছ) 'লাইসেন্স'** বলিতে এই অধ্যাদেশের ধারা ৬ এর অধীনে প্রদত্ত লাইসেন্স বুঝাইবে;

(জ) **'সম্প্রচার' (Broadcasting)** বলিতে সম্প্রচার নেটওয়ার্ক বা যেকোনো টেলিযোগাযোগ নেটওয়ার্ক ব্যবহার করিয়া এক হইতে বহুতে (one-to-many) অডিও, ভিজ্যুয়াল বা অডিও-ভিজ্যুয়াল **বিষয়বস্তু (Content)** এমনভাবে প্রচার বা বিতরণকে বুঝাইবে, যাহা সর্বসাধারণের জন্য অথবা সংশ্লিষ্ট নেটওয়ার্কের গ্রাহকদের জন্য নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী (Linear) অথবা গ্রাহকের চাহিদা অনুযায়ী (On-demand) গ্রহণের জন্য অভিগম্য (Accessible) করা হয়;

(ঝ) '**সম্প্রচারকারী** (Broadcasting Service Provider)' বলিতে সরকার কর্তৃক অনুমোদিত ২ (ঞ) ও ২(ড)-এ বর্ণিত সম্প্রচার সেবাদানকারীকে বুঝাইবে;

(ঞ) **“সম্প্রচার কার্যক্রম”** অর্থ সম্প্রচারের উদ্দেশ্যে সম্প্রচার নেটওয়ার্কে যুক্ত থাকিয়া সরকার কর্তৃক অনুমোদিত নিম্নবর্ণিত যে কোনোটির ব্যবস্থাপনা ও পরিচালনা সম্প্রচার কার্যক্রম-এর অন্তর্ভুক্ত হইবে:

(১) টেরিস্ট্রিয়াল টেলিভিশন ও রেডিও সম্প্রচার কার্যক্রম;

(২) স্যাটেলাইট টেলিভিশন ও রেডিও সম্প্রচার কার্যক্রম;

(৩) ক্যাবল টেলিভিশন চ্যানেল সম্প্রচার কার্যক্রম;

(৪) আইপি টিভি, আইপি রেডিও সংক্রান্ত সম্প্রচার কার্যক্রম;

(৫) ডিরেক্ট টু হোম (ডিটিএইচ) সম্প্রচার কার্যক্রম;

(৬) এফএম ও কমিউনিটি বেতার সম্প্রচার কার্যক্রম;

(৭) ইনফোটেইনমেন্ট এবং এন্টারটেইনমেন্ট সংক্রান্ত ওটিটি এবং ভিওডি সংক্রান্ত সম্প্রচার কার্যক্রম;

(৮) পেশাদার এবং বাণিজ্যিক উদ্দেশ্যে পরিচালিত অনলাইন ইনফোটেইনমেন্ট পোর্টাল, অ্যাপস বা ভিডিও স্ট্রিমিং (ভিওডি সংক্রান্ত সম্প্রচার), অনলাইন নিউজ পোর্টালের অডিও/ভিডিও সম্প্রচার কার্যক্রম, তবে ব্যক্তিগত সোশ্যাল মিডিয়া পোস্ট বা অপেশাদার কন্টেন্ট এই অধ্যাদেশের আওতাভুক্ত হইবে না; এবং

০৯) বৈশ্বিক স্বীকৃত কোনো সম্প্রচার কার্যক্রম যা সরকার কর্তৃক সময়ে সময়ে অনুমোদিত হইবে।

(ট) **‘সম্প্রচার নেটওয়ার্ক (Broadcast Network)’** বলিতে এমন এক বা একাধিক কারিগরি অবকাঠামো, সম্প্রচার পদ্ধতি বা সিস্টেম (যেমন: টেরিস্ট্রিয়াল সম্প্রচার, কৃত্রিম উপগ্রহ বা স্যাটেলাইট, তার বা কেবল নেটওয়ার্ক, ডিটিএইচ প্লাটফর্ম, আইপি-ভিত্তিক সিস্টেম অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যম) বুঝাইবে, যাহার মাধ্যমে অডিও, ভিজ্যুয়াল বা অডিও-ভিজ্যুয়াল বিষয়বস্তু বা অনুষ্ঠানসমূহ একযোগে সর্বসাধারণের অথবা কোনো নির্দিষ্ট এলাকার গ্রাহকগোষ্ঠীর গ্রহণের উদ্দেশ্যে প্রচার, প্রেরণ বা বিতরণ করা হয়;

**(ঠ) ‘সম্প্রচার যন্ত্রপাতি’** বলিতে সম্প্রচার কার্যক্রমের সহিত সম্পর্কিত যেকোনো প্রকার সিগনাল প্রেরণ, গ্রহণ, এনকোডিং, ডিকোডিং, প্রক্রিয়াকরণ অথবা বিতরণে ব্যবহৃত সকল ধরণের যন্ত্রপাতি বুঝাইবে, এবং

**(ড) ‘সম্প্রচার সেবা (Broadcasting Service)’** বলিতে ইলেক্ট্রোম্যাগনেটিক তরঙ্গ, তার (Cable), কৃত্রিম উপগ্রহ (Satellite) বা ইন্টারনেটের মাধ্যমে জনসাধারণের গ্রহণের উদ্দেশ্যে যেকোনো প্রকার Curated Content যেমন: অডিও-ভিজ্যুয়াল অনুষ্ঠান, চিহ্ন, সংকেত বা বার্তা প্রচার বা প্রেরণের সেবাকে বোঝাইবে।

**৩। অধ্যাদেশের প্রাধান্য।-** আপাতত: বলবৎ অন্য কোনো আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, সম্প্রচার কার্যক্রম ও বিষয়বস্তু সংক্রান্ত বিষয়ে এই অধ্যাদেশের বিধানাবলি প্রযোজ্য হইবে, তবে শর্ত থাকে যে, জরুরী অবস্থা বা যুদ্ধাবস্থায় বাংলাদেশের স্বশস্ত্র বাহিনী, আইন-শৃংখলা বাহিনী ও গোয়েন্দা সংস্থার ক্ষেত্রে এই অধ্যাদেশের বিধানাবলী প্রযোজ্য হইবে না ।

DRAFT

## দ্বিতীয় অধ্যায়

## কমিশনের কার্যাবলি

**৪। কমিশনের কার্যাবলি।-** (১) এই অধ্যাদেশের বিধানাবলী সাপেক্ষে, কমিশন উপযুক্ত ব্যবস্থাপনা/কাঠামোর অধীনে সম্প্রচার কার্যক্রম সু-সংগঠিত করিবে এবং বিষয়বস্তু সম্প্রচারের মানদন্ড ও নীতিমালা প্রণয়ন ও উহার যথাযথ প্রতিপালন তদারকির মাধ্যমে তথ্যের অবাধ ও বস্তুনিষ্ঠ প্রবাহ নিশ্চিত করিবে।

(২) উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে এবং উহার সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া কমিশন নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করিবে-

(ক) আবেদনের প্রেক্ষিতে সম্প্রচারকারী হিসেবে লাইসেন্স প্রদানের বিষয়ে সরকারকে সুপারিশ প্রদান;

(খ) সম্প্রচার কার্যক্রম ও বিষয়বস্তুকে বস্তুনিষ্ঠ, স্বচ্ছ ও জনমুখি করিতে সম্প্রচারকারীর জন্য অনুসরণীয় প্রয়োজনীয় প্রবিধান, কোড অব কন্ডাক্ট, স্ট্যান্ডার্ডাইজড অপারেশনাল প্রসিডিউর (SOP) ও নির্দেশনা প্রণয়ন;

(গ) এই অধ্যাদেশের সহিত সামঞ্জস্য রাখিয়া সম্প্রচার সংক্রান্ত বিধিমালা/নীতিমালা/নির্দেশিকা প্রণয়নে সরকারকে সুপারিশ প্রদান;

(ঘ) সম্প্রচার কার্যক্রম সংক্রান্ত বিধি/প্রবিধি/নীতিমালা/নির্দেশিকা/পরিপত্র ইত্যাদির সহিত সম্প্রচারিত বিষয়বস্তুর সামঞ্জস্য তদারকি এবং এ বিষয়ে সম্প্রচারকারীকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে, কারিগরি প্রশ্নে বিটিআরসির সহিত সমন্বয় করিয়া কার্যসম্পাদন এবং দুই কমিশনের মধ্যে আন্তঃসমন্বয়ের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

(চ) বিজ্ঞাপন সম্প্রচার সংক্রান্ত অনুসরনীয় নির্দেশিকা প্রণয়ন ও প্রতিপালন নিশ্চিতকরণ;

(ছ) বিজ্ঞাপন ও অন্যান্য অনুষ্ঠানের উপর আদায়যোগ্য ফি ও সেবাশুল্ক নির্ধারন, তবে শর্ত থাকে যে, এই উপ-ধারা অনুযায়ী ধার্য ও আদায়কৃত ফি ও সেবাশুল্ক সময়ে সময়ে সরকার কর্তৃক নির্ধারিত সীমা অতিক্রম করবে না এবং এইরূপ ফি ও সেবাশুল্ক আরোপের ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন লাগিবে।

(জ) এই অধ্যাদেশের অধীন প্রদত্ত নির্দেশ প্রতিপালনে ব্যর্থ অথবা ধারা ৫ এর অধীন দায়িত্ব পালনে ব্যর্থ অথবা ধারা ৭ এর অধীন অনুমোদনবিহীন সম্প্রচার যন্ত্রপাতি আমদানি বা ব্যবহার করিলে, সম্প্রচারকারীর বিরুদ্ধে বিধি মোতাবেক শুনানি সাপেক্ষে সংশোধিত ব্যবস্থা গ্রহণ, সংশোধিত প্রচারের নির্দেশ প্রদান, জরিমানা আরোপ করা এবং উপযুক্ত ক্ষেত্রে, লাইসেন্স স্থগিত ও বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারকে সুপারিশ প্রদান;

(ঝ) সম্প্রচারিত বিষয়বস্তুর বিষয়ে বা এই অধ্যাদেশের অধীন বিভিন্ন বিষয়ে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ভোক্তার অভিযোগ শুনানি ও নিষ্পত্তি, সম্প্রচারকারীদের মধ্যকার অথবা সম্প্রচারকারী ও বিষয়বস্তু সরবরাহকারীর মধ্যেকার বিরোধ বিধি মোতাবেক মীমাংসার ব্যবস্থা গ্রহণ;

(ঞ) সম্প্রচার সংক্রান্ত বিরোধ নিস্পত্তির লক্ষ্যে সম্প্রচারকারীর কার্যালয় পরিদর্শন, দলিল পত্রাদি, এবং ডিজিটাল স্বাক্ষ্য প্রমাণ সংগ্রহ;

(ট) সকল সম্প্রচারকারীর জন্য বিদ্যমান আইন, বিধি ও আন্তর্জাতিক পদ্ধতি অনুসরণপূর্বক রেটিং পদ্ধতি নির্ধারণ;

(ঠ) রাজস্ব আহরণ সংক্রান্ত বিষয়ে সরকার ও জাতীয় রাজস্ব বোর্ডকে প্রয়োজনীয় সহায়তা প্রদান; এবং

(ড) সম্প্রচার বিষয়ে প্রয়োজনীয় অন্যান্য কার্যক্রম, সিদ্ধান্ত গ্রহণ ও সরকারকে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।

(৩) কমিশন কর্তৃক উপধারা ২ (ঘ), (চ) ও (ছ) এর অধীন প্রদত্ত নির্দেশের বিরুদ্ধে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সরকারের নিকট আপিল করা যাইবে এবং এ বিষয়ে সরকারের আদেশ চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(৪) উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরনকল্পে ও (২) এ উল্লেখিত কার্যাবলী সম্পাদনের প্রয়োজনে কমিশন যে কোনো সম্প্রচারকারীর প্রতিষ্ঠান পরিদর্শন করিতে, বিষয়বস্তুসহ দলিলাদি ও তথ্য উপাত্ত সরবরাহ করিতে, কমিশনের শুনানিতে হাজির থাকিতে নির্দেশনা প্রদান করাসহ এই অধ্যাদেশ বা তদ্বধীন প্রণীত বিধির প্রতিপালন নিশ্চিতকল্পে অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

(৫) কমিশন জনস্বার্থে কোন তথ্য প্রচারে সম্প্রচারকারীকে নির্দেশনা প্রদান করিতে পারিবে এবং সম্প্রচারকারী এইরূপ নির্দেশ মানিতে বাধ্য থাকিবে।

(৬) সম্প্রচারিত বিষয়বস্তুর মানোন্নয়ন, তদারকি ও অন্যান্য প্রয়োজনে কমিশনের নিজস্ব সক্ষমতা অর্জনের ব্যবস্থা করিতে হইবে।

(৭) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে এবং সম্প্রচার সিগন্যালের কারিগরি মান তদারকির জন্য কমিশন বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশনের (বিটিআরসি) বিদ্যমান ল্যাবরেটরি এবং কারিগরি জনবল ব্যবহার করিতে পারিবে। বিটিআরসি এই ক্ষেত্রে কমিশনকে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করিবে।

**৫। সম্প্রচারকারীর দায়িত্ব।-** (১) সকল সম্প্রচারকারী ধারা ৪ (২) (খ) এর অধীনে প্রণীত সকল নির্দেশিকা, কোড অব কন্ডাক্ট, স্ট্যান্ডার্ডাইজড অপারেশনাল প্রসিডিউর (SOP) অনুসরণ করিবে।

(২) উপধারা (১) এর সামগ্রিকতাকে ক্ষুন্ন না করিয়া সকল সম্প্রচারকারী সম্প্রচারের ক্ষেত্রে নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করিবে, যথা-

(ক) দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং সংবিধানে সন্নিবেশিত মূল্যবোধ সমুন্নত রাখা;

(খ) স্বাধীনতা যুদ্ধসহ বিভিন্ন গণআন্দোলন ও অভ্যুত্থানের সঠিক তথ্য ও মূল্যবোধ জনসম্মুখে প্রকাশ করার মাধ্যমে সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় এবং ধর্মীয় সম্প্রীতি রক্ষা, বৈষম্যবিহীন, শোষণমুক্ত ও সাম্যভিত্তিক সমাজ গঠনে ভূমিকা রাখা;

(গ) সত্যনিষ্ঠ ও বস্তুনিষ্ঠভাবে এবং যথাযথ যাচাই-বাছাইপূর্বক জনস্বার্থ-সংশ্লিষ্ট জাতীয় বা আন্তর্জাতিক সকল বিষয়ে জনগণের অবহিত হইবার অধিকার সুরক্ষিত রাখা;

(ঘ) জরুরী অবস্থা, প্রাকৃতিক দূর্যোগ বা অনুরুপ বিশেষ পরিস্থিতির ক্ষেত্রে জনস্বার্থে প্রয়োজনীয় তথ্য সম্প্রচার করা;

(ঙ) বিদ্বেষমূলক, রাষ্ট্রীয় অখন্ডতা ও নিরাপত্তার প্রতি হুমকিস্বরূপ, জঙ্গিবাদ, সন্ত্রাস, নাশকতা ও সহিংসতা সৃষ্টিকারী, সাম্প্রদায়িক সম্প্রীতি, জনস্বার্থ পরিপন্থী বা দেশের সার্বভৌমত্বের পরিপন্থী বিষয়বস্তু সম্প্রচার হইতে বিরত থাকা;

(চ) বিষয়বস্তুর ন্যায়নিষ্ঠতা নিশ্চিত করা, নিরপেক্ষতা বজায় রাখা বিভিন্ন বিষয়ে বিপরীতধর্মী দৃষ্টিভঙ্গিসহ তথ্যের ন্যায্য ও ভারসাম্যমূলক উপস্থাপন করা;

(ছ) শিক্ষার প্রসার, কৃষি, গ্রামীণ উন্নয়ন, পরিবেশ, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রসমূহে বিশেষ মনোযোগ প্রদান করা;

(জ) সুস্থ প্রতিযোগিতা এবং খেলোয়ারসুলভ মনোভাব উৎসাহিত করিতে ক্রীড়া ও খেলাধুলার পর্যাপ্ত প্রচার করা;

(ঝ) যুবসমাজের প্রয়োজন বিবেচনায় যথোপযুক্ত অনুষ্ঠান প্রচার করা;

(ঞ) নারী উন্নয়নে জাতীয় সচেতনতা বৃদ্ধি করা এবং বিশেষ কার্যক্রম গ্রহণ করা;

(ট) শ্রমজীবী মানুষের অধিকার সংরক্ষণে ও তাঁহাদের কল্যাণে ব্যবস্থা গ্রহণ করা;

(ঠ) গ্রামীণ ও সুবিধাবঞ্চিত জনগণ এবং পশ্চাৎপদ বা দুর্গম এলাকায় বসবাসকারী জনগণের স্বার্থ সমুন্নত রাখিতে সেবা প্রদান করা;

(ড) ধর্মীয় সংখ্যালঘু ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বিশেষ প্রয়োজন বিবেচনায় উপযুক্ত অনুষ্ঠান প্রচার করা;

(ঢ) শিশু, দৃষ্টিহীন, বয়স্ক, প্রতিবন্ধী এবং অন্যান্য পশ্চাৎপদ জনগোষ্ঠীর স্বার্থ রক্ষায় বিশেষ পদক্ষেপ গ্রহণ করা;

(ন) যথাযথ অনুষ্ঠান প্রচারের মাধ্যমে দেশের বৈচিত্রময় ভাষা, সংস্কৃতি ও ঐতিহ্য তুলিয়া ধরা;

(ত) সর্বোচ্চ সম্প্রচার নিশ্চিত করিতে উপযুক্ত প্রযুক্তি নির্বাচন, প্রাপ্য সম্প্রচার তরঙ্গগুলির বিধি মোতাবেক সর্বোত্তম ব্যবহার, উচ্চ মানসম্পন্ন গ্রহণ (রিসিপশন) নিশ্চিত করা এবং অতিরিক্ত সঞ্চালন চ্যানেল স্থাপনের মাধ্যমে সম্প্রচার সুবিধা উন্নীত করা;

(থ) সম্প্রচার প্রযুক্তি হালনাগাদ রাখিতে গবেষণা ও উন্নয়ন কার্যক্রমকে উৎসাহিত করা;

(দ) স্বার্থের দ্বন্দ্ব পরিহার করা, এবং

(ধ) কপিরাইট/মেধাস্বত্ব/প্রচারস্বত্ব সংক্রান্ত আইন মানিয়া চলা, ইত্যাদি।

(৩) উপ-ধারা (১) এর সামগ্রিকতাকে ক্ষুন্ন না করিয়া, সকল সম্প্রচারকারী কমিশনের নির্দেশিকা মানিয়া—

(ক) সম্প্রচার সেবার মানোন্নয়ন ও জনস্বার্থ নিশ্চিত করিতে অনুষ্ঠান নির্মাণ ও প্রযোজনা করিবে;

(খ) সম্প্রচার মাধ্যমের জন্য সংবাদ সংগ্রহের ব্যবস্থা প্রতিষ্ঠা করিবে;

(গ) সম্প্রচারের উদ্দেশ্যে খেলাধুলা ও অন্যান্য অনুষ্ঠান, চলচ্চিত্র, ধারাবাহিক, অনুষ্ঠান, সভাসহ অন্যান্য ঘটনার প্রচার সত্ত্ব, অধিকার বা সুবিধা ক্রয় বা অন্যভাবে অর্জন করিতে পারিবে এবং উক্ত অনুষ্ঠানসমূহ, অধিকার বা সুবিধা বরাদ্দ প্রদানের জন্য পদ্ধতি প্রতিষ্ঠা করিতে পারিবে;

(ঘ) সম্প্রচার মাধ্যমের জন্য গ্রন্থাগার স্থাপন ও রক্ষণাবেক্ষণ করিতে পারিবে;

(ঙ) বিভিন্ন কারণে বিশেষ অনুষ্ঠান, দর্শককেন্দ্রিক গবেষণা, বাজারকেন্দ্রিক অনুষ্ঠান পরিচালনা করিতে পারিবে, এবং

(চ) প্রবিধান দ্বারা নির্ধারিত অন্যান্য কার্যক্রম গ্রহণ করিবে।

## তৃতীয় অধ্যায়

## লাইসেন্স গ্রহণ

**৬। লাইসেন্স।-** (১) এই অধ্যাদেশ জারী হইবার পরে কোন সম্প্রচারকারী সরকারের নিকট হইতে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, লাইসেন্স গ্রহণ ব্যতীত নিম্নলিখিত কোন কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না-

(ক) টেরিস্ট্রিয়াল টেলিভিশন ও রেডিও সম্প্রচার কার্যক্রম;

(খ) স্যাটেলাইট টেলিভিশন ও রেডিও সম্প্রচার কার্যক্রম;

(গ) ক্যাবল টেলিভিশন চ্যানেল সম্প্রচার কার্যক্রম;

(ঘ) আইপি টিভি, আইপি রেডিও সম্প্রচার কার্যক্রম;

(ঙ) ডিরেক্ট টু হোম (ডিটিএইচ) সম্প্রচার কার্যক্রম;

(চ) এফএম ও কমিউনিটি বেতার সম্প্রচার কার্যক্রম;

(ছ) ইনফোটেইনমেন্ট এবং এন্টারটেইনমেন্ট সংক্রান্ত ওটিটি টিভি সার্ভিস, স্ট্রিমিং এবং ভিওডি সংক্রান্ত সম্প্রচার কার্যক্রম;



DRAFT

(জ) পেশাদার এবং বাণিজ্যিক উদ্দেশ্যে পরিচালিত অনলাইন ইনফোটেইনমেন্ট পোর্টাল, অ্যাপস বা ভিডিও স্ট্রিমিং সম্প্রচার, অনলাইন নিউজ পোর্টালের অডিও/ভিডিও সম্প্রচার কার্যক্রম; এবং

(ঝ) সরকার কর্তৃক সময়ে সময়ে অনুমোদিত বৈশ্বিক স্বীকৃত কোনো সম্প্রচার কার্যক্রম।

(২) এই অধ্যাদেশ জারির অব্যবহিতপূর্বে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় হইতে ইতোমধ্যে অনুমোদনপ্রাপ্ত সম্প্রচারকারীকে এই অধ্যাদেশের অধীন লাইসেন্সপ্রাপ্ত বলিয়া গণ্য করা হইবে, তবে শর্ত থাকে যে, এইরূপ সকল সম্প্রচারকারী এই অধ্যাদেশ জারি হইবার ৩ (তিন) মাসের মধ্যে এই অধ্যাদেশ ও বিধিমালায় প্রদত্ত নির্ধারিত পদ্ধতিতে প্রয়োজনীয় ফি প্রদানপূর্বক লাইসেন্সের জন্য আবেদন করিবে ।

(৩) উপধারা (১) উল্লেখিত সম্প্রচারকারী লাইসেন্স গ্রহণের জন্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে প্রয়োজনীয় ফি প্রদানপূর্বক আবেদন করিবে।

(৪) সমন্বিত টেলিযোগাযোগ ও সম্প্রচার সেবা (Integrated Telecommunication and Broadcasting Services) প্রদানের ক্ষেত্রে সম্প্রচারকারীকে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও বিটিআরসি উভয় প্রতিষ্ঠানের অনুমোদন নিতে হইবে।

(৫) সম্প্রচার তরঙ্গের কারিগরি মানদণ্ড নির্ধারণ বিটিআরসি কর্তৃক প্রণীত ও কার্যকর হইবে।

(৬) লাইসেন্সের আবেদন প্রাপ্তির পর কমিশন যাচাই-বাছাই করিয়া বিধি দ্বারা নির্ধারিত সময়সীমার মধ্যে লাইসেন্স বিষয়ে সরকারকে সুপারিশ প্রদান করিবে।

(৭) লাইসেন্স বিষয়ে কমিশনের সিদ্ধান্তে সংক্ষুব্ধ সম্প্রচারকারী বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সরকারের নিকট আপিল করিতে পারিবে এবং এ বিষয়ে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(৮) কমিশন লাইসেন্স আবেদন প্রাপ্তির পর সরকারের নিকট সুপারিশ প্রদানের পূর্বে প্রযোজ্য ক্ষেত্রে তরঙ্গের পর্যাপ্ততার বিষয়ে বিটিআরসির মতামত গ্রহণ করিবে।

(৯) লাইসেন্স প্রদানের পূর্বে আবশ্যিকভাবে কমিশনের সুপারিশ গ্রহণ করিতে হইবে।

(১০) সম্প্রচারকারীকে বিধি দ্বারা নির্ধারিত সময় অন্তর লাইসেন্স নবায়ন করিতে হইবে। নবায়ন ব্যতীত সম্প্রচার কার্যক্রম পরিচালনা করা যাইবে না।

(১১) এই অধ্যাদেশের অধীন প্রদত্ত লাইসেন্স নবায়ন না করিলে কমিশন সম্প্রচার কার্যক্রম স্থগিত করিবার নির্দেশ প্রদান করিতে পারিবে।

(১২) কোনো সম্প্রচারকারী এই অধ্যাদেশের অধীন লাইসেন্স পাইবার যোগ্য হইবে না যদি-

(ক) কোম্পানি আইন, ২০১৩ বা অন্য কোন আইনের অধীন সংস্থা হিসেবে নিবন্ধিত না হয়, অথবা

(খ) কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঋণখেলাপি হিসেবে বাংলাদেশ ব্যাংক বা উপযুক্ত আদালত কর্তৃক চিহ্নিত বা ঘোষিত হয়, অথবা

(গ) মামলা করা হউক বা না হউক, চূড়ান্ত নোটিশ প্রদানের পরও বকেয়া পরিশোধে ব্যর্থ হয়, অথবা

(ঘ) বিগত ৩ (তিন) বৎসরের মধ্যে কমিশন/সরকার সম্প্রচার লাইসেন্স বাতিল করিয়া থাকে, অথবা

(ঙ) বিদ্যমান কোন সম্প্রচার মাধ্যমের মালিকানার অধিকারী হয়, অথবা

(চ) এই অধ্যাদেশ অথবা ইহার অধীনে প্রণীত বিধি -এ বর্ণিত মানদণ্ড পূরণে ব্যর্থ হয়।

(১৩) কোন সম্প্রচারকারী বা উহার পরিচালনা পর্ষদের কেহ যদি-

(ক) বাংলাদেশের নাগরিক না হোন,

(খ) উপযুক্ত আদালত কর্তৃক দুই বৎসর বা তদূর্ধ্ব মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত হন এবং উক্ত দণ্ড হইতে মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত না হয়, অথবা

(গ) উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়াত্বের দায় হইতে অব্যাহতি লাভ করিয়া না থাকেন,

তবে উক্ত সম্প্রচারকারী এ অধ্যাদেশের অধীনে লাইসেন্স পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(১৪) লাইসেন্স হস্তান্তরের প্রক্রিয়া বিধি দ্বারা নির্ধারিত হইবে, তবে শর্ত থাকে যে, কোনো লাইসেন্স প্রাপ্তির আংশিক বা পূর্ণ অধিকার জন্মাইলে উহা কমিশনের সুপারিশ অনুসারে সরকারের পূর্বানুমোদন ব্যতিত হস্তান্তরযোগ্য নহে এবং পূর্বানুমোদন ব্যতিত হস্তান্তর (void) অকার্যকর বলিয়া বিবেচিত হইবে।

(১৫) সম্প্রচার খাতে পাইরেসি প্রতিরোধ, দেশীয় ও আন্তর্জাতিক কপিরাইট লঙ্ঘন প্রতিরোধ, সরকারি ও বেসরকারি রাজস্ব ফাঁকি নিরসন, টিআরপি (TRP) মনিটরিং ব্যবস্থা প্রণয়ন ও তদারকি, এবং কপিরাইটভিত্তিক কনটেন্টের ন্যায্য মনিটাইজেশন সংক্রান্ত প্রয়োজনীয় বিধিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করিবে। সকল প্রকার সম্প্রচারসেবা ও সংশ্লিষ্ট কনটেন্ট বিতরণ, টিআরপি (TRP) মনিটরিং, বিপণন ও গ্রাহকপর্যায়ে সরবরাহের ক্ষেত্রে সরকার নির্ধারিত মানসম্পন্ন সেট-টপ বক্স ব্যবহার বাধ্যতামূলক করিবার জন্য কমিশন প্রয়োজনীয় নির্দেশনা, মানদণ্ড ও প্রয়োগ ব্যবস্থা নির্ধারণ করিবে। কমিশন প্রযোজ্য ক্ষেত্রে বিটিআরসি অথবা সংশ্লিষ্ট দপ্তরের কারিগরি সক্ষমতা ব্যবহার করিতে পারবে।

**৭। সম্প্রচার যন্ত্রপাতির আমদানী, ব্যবহার ও অনাপত্তি।**—সম্প্রচার কার্যক্রম সংক্রান্ত যন্ত্রপাতি আমদানি ও ব্যবহারের ক্ষেত্রে সম্প্রচারকারী কর্তৃক বিটিআরসি’র পূর্বানুমোদন গ্রহণ ও এতদ্‌সংক্রান্ত বিষয়ে কমিশনকে অবহিত করিতে হইবে।

**৮। লাইসেন্স স্থগিত, বাতিল ইত্যাদি।-** (১) কমিশনের নিকট যদি প্রতীয়মান হয় যে, সম্প্রচারকারী নিম্নলিখিত কোনো কার্যক্রম করিয়াছে, তবে কমিশন নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করিতে পারিবে অথবা লিখিতভাবে কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে সরকারের নিকট সুপারিশ করিতে পারিবে-

(ক) ধারা ৬ (১২) ও ৬ (১৩)- এ বর্ণিত অযোগ্যতা গোপন করিয়া লাইসেন্স অর্জন করিয়া থাকিলে;

(খ) যুক্তিসংজ্ঞত কারণ ব্যতিত লাইসেন্সে বর্ণিত নির্ধারিত সময়সীমার মধ্যে সম্প্রচার শুরু করিতে ব্যর্থ হইলে;

(গ) সরকারের পূর্বানুমোদন ব্যতীত লাইসেন্সের মালিকানা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অন্য কাহারও নিকট হস্তান্তর করিলে;

(ঘ) যুক্তিসংজ্ঞত কারণ ব্যতিত কমিশন কর্তৃক নির্দেশিত সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হইলে;

(ঙ) সম্প্রচার নির্দেশিকার সহিত সাংঘর্ষিক সম্প্রচার করিলে;

(চ) রাষ্ট্রীয় অখন্ডতা ও নিরাপত্তার প্রতি হুমকিস্বরূপ, জঙ্গিবাদ, সন্ত্রাস, নাশকতা ও সহিংসতা সৃষ্টিকারী, সাম্প্রদায়িক সম্প্রীতি বা জনস্বার্থ পরিপন্থী বা দেশের সার্বভৌমত্বের পরিপন্থী বিষয়বস্তু সম্প্রচার করিলে;

(ছ) ধারা ৪(৫) এর অধীন সরকার কর্তৃক নির্দেশিত তথ্য প্রচারে ব্যর্থ হইলে, অথবা

(জ) সম্প্রচার সেবায় বিটিআরসি নির্ধারিত কারিগরি মানদণ্ডের/অনুমোদন/অনাপত্তি/লাইসেন্সের শর্তের ব্যত্যয় করিলে।

(২) উপধারা ১ এর অধীন কোন লাইসেন্স সরকার কর্তৃক সর্বোচ্চ ১৪ দিনের জন্য স্থগিত করা যাইবে।

(৩) উপধারা (২) এর অধীন লাইসেন্স স্থগিত হইলে সম্প্রচারকারী নির্ধারিত সময়ের মধ্যে উপযুক্ত ব্যাখ্যা প্রদান করিতে না পারিলে সরকার বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে লাইসেন্স বাতিল করিতে পারিবে।

(৪) উপধারা-(১) বা (২) এর অধীন গৃহীত ব্যবস্থায় কোনো সম্প্রচারকারী ক্ষতিগ্রস্ত হইলে তিনি ক্ষতিপূরণ লাভের যোগ্য হইবেন না এবং ক্ষতিপূরণের দাবি কোনো আদালত বা কর্তৃপক্ষের নিকট উত্থাপন করিতে পারিবেন না।

**৯। লাইসেন্স-এর শর্তাবলি সংশোধন।–** (১) কমিশন নিজ উদ্যোগে অথবা সম্প্রচারকারীর আবেদনক্রমে এই অধ্যাদেশের অধীনে প্রদত্ত লাইসেন্সের কোনো শর্ত বিধি নির্ধারিত পদ্ধতিতে পরিবর্তন, প্রতিস্থাপন, সংযোজন, বাতিল বা অন্য কোনোভাবে রূপান্তর করিতে সরকারকে সুপারিশ প্রদান করিতে পারিবে।

(২) উপধারা (১) এর অধীন সুপারিশ প্রাপ্তির পর সরকার বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

DRAFT

<u>চতুর্থ অধ্যায়</u>

**অভিযোগ ও নিস্পত্তি**

**১০। অভিযোগ।-** (১) কমিশন ধারা ৪ এর উদ্দেশ্য পূরণকল্পে সম্প্রচার বিষয়ে অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় প্রবিধান প্রণয়ন করিবে।

(২) সকল সম্প্রচারকারী তাহার কার্যক্রম সংশ্লিষ্ট বিষয় ও বিষয়বস্তু সম্পর্কে সেবা গ্রহণকারীর/ভোক্তার অভিযোগ সংগ্রহের জন্য প্রবিধান অনুযায়ী নির্ধারিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(৩) সকল সম্প্রচারকারী তাহার কার্যক্রম সংশ্লিষ্ট বিষয় ও বিষয়বস্তু সম্পর্কে সেবা গ্রহণকারীর/ভোক্তার অভিযোগ নিষ্পত্তিকল্পে একজন অভিযোগগ্রহণকারীর বিস্তারিত নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করিবে।

(৪) সংশ্লিষ্ট সম্প্রচারকারী অভিযোগ প্রাপ্তির তারিখ হইতে ১০(দশ) কার্যদিবসের মধ্যে তাহা নিষ্পত্তি করিয়া অভিযোগকারীকে অবহিত করিবে।

(৫) কোন সম্প্রচারকারী উপধারা (৪) এ উল্লেখিত সময়সীমার মধ্যে অভিযোগ নিস্পত্তিতে ব্যর্থ হইলে অথবা কোন অভিযোগকারী অভিযোগ বিষয়ে সম্প্রচারকারীর সিদ্ধান্তে সংক্ষুদ্ধ হইলে প্রবিধান অনুযায়ী কমিশনে অভিযোগ দায়ের করিতে পারিবে এবং কমিশন অভিযোগ প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে তাহা নিষ্পত্তি করিবে।

(৬) উপ-ধারা (৫) এর অধীন কমিশনের আদেশ চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(৭) কমিশন ও সম্প্রচারকারী সেবা গ্রহণকারীর/ভোক্তার অভিযোগ ও তাহা নিষ্পত্তি সংক্রান্ত তথ্যসম্বলিত একটি রেজিস্টার সংরক্ষণ করিবে।

(৮) এই ধারার অধীন প্রদত্ত সকল রোয়েদাদ বা নির্দেশ ‘সালিশ আইন, ২০০১’ অনুযায়ী বলবৎযোগ্য হইবে।

DRAFT

## পঞ্চম অধ্যায়

## অপরাধ ও দন্ড

**১১। লাইসেন্সবিহীন সম্প্রচার।-** (১) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এই আইনের অধীন লাইসেন্স গ্রহণ ব্যতিত সম্প্রচার কার্যক্রম পরিচালনা করিলে এইরূপ সম্প্রচারের জন্য অনধিক ৩ (তিন) মাস কারাদন্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ডে দন্ডিত হইবে।

(২) কোনো সম্প্রচারকারী রাষ্ট্রের নিরাপত্তা, জননিরাপত্তা ও জনশৃঙ্খলা বিঘ্নিত হইতে পারে এইরূপ কোনো গোপনীয় রাষ্ট্রীয় তথ্য-উপাত্ত প্রচার করিলে, এইরূপ প্রচারের সহিত জড়িত প্রত্যেককে, এই অধ্যাদেশের অধীন জরিমানা ও অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা অতিরিক্ত হিসাবে, অনধিক ০২ (দুই) বৎসরের কারাদন্ড অথবা কমপক্ষে ০১ (এক) লক্ষ টাকা, অনধিক ১০(দশ) লক্ষ টাকা অর্থদণ্ডে অথবা উভয়দণ্ডে দণ্ডিত করা হইবে।

(৩) এই ধারার অধীন প্রযোজ্য সকল অর্থদণ্ড ‘পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট-১৯১৩’ এর অধীন আদায়যোগ্য হইবে।

(৪) এই অধ্যাদেশের অধীন অপরাধসমূহ অ-আমলযোগ্য ও জামিনযোগ্য হইবে।

(৫) এই অধ্যাদেশের অধীন অপরাধসমূহ প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য হইবে।

(৬) এই অধ্যাদেশের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, এই অধ্যাদেশের অধীন অপরাধের বিচার ও আপিলের ক্ষেত্রে ফৌজদারি কার্যবিধির বিধানাবলী প্রযোজ্য হইবে।

## পঞ্চম অধ্যায়

## বিবিধ

**১২। বিধিমালা প্রণয়নের ক্ষমতা।-** এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।

**১৩। প্রবিধানমালা প্রণয়নের ক্ষমতা।-** (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের সহিত সংগতিপূর্ণ বিধি প্রণয়ন করিতে পারিবে।

**১৪। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।-** সরকার গেজেট বিজ্ঞপ্তি দ্বারা এই আইনের অনুমোদিত ইংরেজি অনুবাদ প্রকাশ করিতে পারিবে। বাংলা ও ইংরেজি অনুবাদে কোনো বিরোধ দেখা দিলে বাংলাপাঠ প্রাধান্য পাইবে।

----

DRAFT